**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
(নব নিয়োগ ও শৃংখলা শাখা)
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরনি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
Web: www.dlrs.gov.bd

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০২.১১.০৩৫.১৪-২৩ তারিখঃ ০৫/০২/২০১৭খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং অধীনস্থ দিয়ারা অপারেশন-এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন-স্কেল (২০১৫) | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| **ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ঃ** | | | | | |
| ১ | সাব-সার্ভেয়ার | ০৫ (পাঁচ) | ৯,৩০০-২২,৪৯০/= | এস,এস,সি পাশ বা সমমানসহ সার্ভে ফাইনাল পাশ। | ঢাকা, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, টাংগাইল, চট্রগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়ীয়া, ফেনী, বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, নওগাঁ, নাটোর, চাপাই নবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, চুয়াডাংগা, মেহেরপুর, ভোলা, পিরোজপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। |
| ২ | কম্পিউটর | ১৩ (তের) | ৯,৩০০-২২,৪৯০/= | এস,এস,সি পাশ বা সমমানসহ সার্ভে ফাইনাল পাশ। | |
| ৩ | বাউন্ডারী আমিন | ০৩ (তিন) | ৯,৩০০-২২,৪৯০/= | এস,এস,সি পাশ বা সমমানসহ সার্ভে ফাইনাল পাশ। | |
| ৪ | জিংক কারেক্টর | ০১ (এক) | ৯,৩০০-২২,৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫ | প্রিন্টার | ০৩ (তিন) | ৯,৩০০-২২,৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বিজ্ঞান)/সমমানের পরীক্ষায় পাশ। প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৬ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) | ৯,৩০০-২২,৪৯০/= | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing/data entry ও Typing ইত্যাদি বিষয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | |
| **দিয়ারা অপারেশন ঃ** | | | | | |
| ৮ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০২ (দুই) | ৯৩০০-২২৪৯০/= | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word processing/data entry ও Typing ইত্যাদি বিষয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, ব্রাক্ষ্ণণবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, বগুড়া, দিনাজপুর, পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, রংপুর, খুলনা, সাতক্ষীরা, যশোর, ভোলা, সিলেট ও সুনামগঞ্জ। |
| ৯ | ড্রাফটস্‌ম্যান | ০১ (এক) | ৯,৭০০-২৩,৪৯০/= | কোন অনুমোদিত ইনষ্টিটিউট হতে ড্রাফটস্‌ম্যানশীপ সার্টিফিকেটসহ উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১০ | অফিস সহকারী | ০১ (এক) | ৯,৩০০-২২,৪৯০/= | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১১ | ড্রাইভার | ০১ (এক) | ৯,৭০০-২৩,৪৯০/= | ৮ম শ্রেণী পাশসহ ভারী যানবাহন চালানোর ৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। | |

**শর্ত ও নিয়মাবলী ঃ**

**১. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ঃ**

**ক.** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://dlrs.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

i. Online-আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ২৩/০২/২০১৭খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ১৬/০৩/২০১৭খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ.** Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য৩০০×প্রস্থ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০×প্রস্থ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ.** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/=(দুই শত) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম** SMS:DLRS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে
**Example:** DLRS ABCDEF

**Reply:** Applicant's Name, TK. 200.00(Two hundred will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DLRS<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয়** SMS: DLRS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example :** DLRS YES 12345678

**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for DLRS Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password(xxxxxxxx).

**চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি ঃ** http://DLRS.teletalk.com.bd অথবা DLRS-এর ওয়েবসাইটে www.dlrs.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ.** SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

**জ.** শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DLRS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DLRS HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলেঃ DLRS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: DLRS HELP PIN 12345678.

২। সকল পদে ২৩/০২/২০১৭খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের বয়স ৩০ বৎসর হতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে না।

৪। প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারী বিধিবিধান অনুসরণ করা হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসাবে আবেদন করতে পারবেন না এবং আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে সমপদে চাকুরী করতে বাধ্য থাকবেন।

৭। কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্যে হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণ পূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে। এ ক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

৮। প্রার্থীকে লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

৯। অসত্য/ক্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ক্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করা হলে বা বাতিল করা হলে কোন দরখাস্তকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবেন না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না।

০২/০২/১৭

(তন্ময় দাস)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯১১৪০৭৮(অঃ)